গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী
website: www.gzmcfeni.gov.bd, e-mail: zmc_sskroadfeni@yahoo.com
Facebook page : সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী, EIIN:106643, Mobile: 01309-106643

স্মারক নং-সজিমক/২০২৫/৮৭৬ তারিখ : ০৪/১১/২০২৫ খ্রি.

# ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনলাইনে সম্পন্ন করা হবে।

*নিম্নলিখিত তারিখে পরীক্ষার ফরম পূরণের আবেদন করতে হবে*

| বিভাগ | ফরম পূরণের তারিখ ও সময় |
|---|---|
| ১। রাষ্ট্রবিজ্ঞান<br>২। সমাজবিজ্ঞান<br>৩। ইতিহাস | ১২/১১/২০২৫ খ্রি. (সকাল ০৯:০০টা থেকে দুপুর ১২:০০টা পর্যন্ত) |

| বিভাগ | নিয়মিত ফরম পূরণ ফি | | | অনিয়মিত ফরম পূরণ ফি | | |
|---|---|---|---|---|---|---|
| ১। রাষ্ট্রবিজ্ঞান<br>২। সমাজবিজ্ঞান<br>৩। ইতিহাস | ২৯০০.০০ | | | ৩,৫০০.০০ | | |
| অকৃতকার্য ও মানউন্নয়ন গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি | | | | | | |
| গ্রেড উন্নয়ন | এক বিষয় | দুই বিষয় | তিন বিষয় | চার বিষয় | পাঁচ বিষয় | ছয় বিষয় |
| | ১,৪০০.০০ | ১৭,০০.০০ | ২,০০০.০০ | ২,৩০০.০০ | ২,৬০০.০০ | ২,৯০০.০০ |
| সেশন ফি বকেয়া থাকলে = ৩,৮০০.০০ টাকা যোগ হবে | | | | | | |

- + ১% রকেট চার্জ প্রযোজ্য হবে।
- Conditional Promoted (C-Promoted) পরীক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত ফি এর অতিরিক্ত ১,৫০০/- টাকা বিশেষ অন্তর্ভুক্তি ফি প্রযোজ্য হবে।

**পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :**

ক) নিয়মিত : ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইট এ দেয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

খ) অনিয়মিত : ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী সেশন ২০১৭-১৮, ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২০২১) ইতোপূর্বে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে অনার্স তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে।

গ) গ্রেড উন্নয়ন : জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (২০১৭-১৮, ২০১৮-১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের) অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদের সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০২৩ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় একজন শিক্ষার্থী C+, C এবং D গ্রেড প্রাপ্ত হলে সে যে কোন দু'টি কোর্সে ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে **একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।** কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ কোর্সে তাঁর পূর্বের গ্রেড বহাল থাকবে।

- *বিবরণী প্রিন্ট কপিতে স্বাক্ষরের তারিখ :*
    - ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান ও সমাজবিজ্ঞান : ১৬/১১/২০২৫ খ্রি.

## নিয়মিত পরীক্ষার্থীদের ফরম পূরণের ফি পরিশোধের নিয়মাবলি :

► **Rocket App** এর মাধ্যমে নিম্নের পদ্ধতি অনুসরণ করে ফরম পূরণের ফি জমা দিতে হবে।

Step-1 : শিক্ষার্থী নিজে/এজেন্টের মাধ্যমে Rocket App এ প্রবেশ করবে।

Step-2 : Bill Pay অপশনে ক্লিক করবে।

Step-3 : Biller ID এর জায়গায় **4402** টাইপ করলে Govt. Zia Mohila College দেখাবে এবং নামের উপর ক্লিক করতে হবে।

Step-4 : Bill Number এর জায়গায় Student ID নম্বর টাইপ করতে হবে। Student ID নম্বর হবে রেজিস্ট্রেশন নম্বর।


Step-5 : Self/Others এ ক্লিক করতে হবে।

Step-6 : Validate এ ক্লিক করতে হবে।

Step-7 : Ok বাটনে ক্লিক করতে হবে।

Step-8 : Bill Payment Receipt ডাউনলোড করে প্রিন্ট করতে হবে এবং আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

## Payment process flow of Govt. Zia Mohila College (Biller ID- 4402) through ROCKET App




Dutch-Bangla Bank

## অনিয়মিত/মানোন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণের ফি পরিশোধের নিয়মাবলি :

► **Rocket App** এর মাধ্যমে নিম্নের পদ্ধতি অনুসরণ করে ফরম পূরণের ফি জমা দিতে হবে।

Step-1 : শিক্ষার্থী নিজে/এজেন্টের মাধ্যমে Rocket App এ প্রবেশ করবে।

Step-2 : Bill Pay অপশনে ক্লিক করবে।

Step-3 : Biller ID এর জায়গায় **3229** টাইপ করলে Govt. Zia Mohila College দেখাবে এবং Select করতে হবে।

Step-4 : Bill Number এর জায়গায় Student ID (শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর) লিখতে হবে।

Step-5 : Pay For এর জায়গায় Self Select করে Amount এর **স্থানে নির্দিষ্ট পরিমাণ টাকা এন্ট্রি দিয়ে** Submit বাটনে ক্লিক করতে হবে।

Step-6 : Rocket App ব্যবহারকারী PIN নম্বর দিয়ে Confirm বাটনে ক্লিক করতে হবে।

Step-7 : Bill Payment Receipt ডাউনলোড করে প্রিন্ট করতে হবে এবং আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

০৪/১১/২০২৫

(প্রফেসর মোহাম্মদ মাহাবুবুল করিম)
অধ্যক্ষ
সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী

প্রফেসর মোহাম্মদ মাহাবুবুল করিম
আইডি- ৯৬৭৫
অধ্যক্ষ
সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী